বিচারের আগে আমার ছেলেকে ধর্ষক হিসেবে চিহ্নিত করবেন না: দিহানের মা

ধর্ষণের উদ্দেশ্যে নয়, একান্তে সময় কাটাতে বাসায় আনুশকাকে ডেকেছিল বলে গণমাধ্যম বরাবর পাঠানো খোলা চিঠিতে অভিযুক্ত দিহানের মা দাবি করেছেন। তিনি এ ঘটনায় মর্মাহত হয়েছেন জানিয়ে সুষ্ঠু বিচার দাবি করেন।

খোলা চিঠিেতি দিহানের মা বলেছেন, গত ৭ জানুয়ারি আমার বাসায় আমার ছেলে দিহান ও ওর বান্ধবী অরনা আমিনের ঘটনায় আমি হতবাক। একজন মা ও নারী হিসেবে এ ধরনের ঘটনা মেনে নেওয়া খুবই কষ্টকর। গত দুদিন আমি কোনো সংবাদমাধ্যমে কথা বলিনি। কারণ, আমি পুরো ঘটনা বোঝার চেষ্টা করেছি। দিহানের বন্ধুবান্ধবের কাছ থেকে তথ্য সংগ্রহ করে আমার ছেলের ধর্ষণ এবং হত্যার উদ্দেশ্য ছিল কি না, তা মা হিসেবে জানার চেষ্টা করেছি। একজন নারী হিসেবে কোনো কিশোরীর অসম্মান হোক বা ধর্ষিত হোক- কখনো চাই না।

৭ জানুয়ারি সকাল ১০টা ৪৫ মিনিটে আমি আমার অসুস্থ পিতাকে দেখতে যাওয়ার জন্য দিহানকে বাসায় একা রেখে বগুড়ার উদ্দেশে রওনা হই। আমার অন্য ছেলে নিজের কর্মস্থলে ছিল। যমুনা সেতু পার হওয়ার পর দুপুর ২টা ৪৫ মিনিটে প্রাথমিকভাবে জানতে পারি মডার্ন হাসপাতালে দিহানের বান্ধবী মারা গেছে।

দিহানকে পুলিশ গ্রেফতার করেছে। দ্রুত ঢাকায় এসে দেখি পুলিশ আমার বাসায়। জানলাম মেয়েটি আমার বাসায় দিহানের সঙ্গে দেখা করতে এসে ধর্ষিত হয়েছে এবং মারা গেছে। মা হিসেবে আরও আগে থেকেই একটু আন্দাজ করতে পেরেছি, আমার ছেলে কোনো একটি সম্পর্কে জড়িয়েছে। কিন্তু কোন মেয়ের সঙ্গে, তা জানা ছিল না। তবে বিভিন্ন মাধ্যম থেকে মেয়েটির ‘Aurna Amin’ নামের ফেসবুক আইডিতে দিহানের সঙ্গে ঘনিষ্ঠ ছবি, দিহানকে নিয়ে কবিতা লিখা ইত্যাদি দেখে মনে হলো এই মেয়েটির সঙ্গেই দিহান সম্পর্কে জড়িয়েছে।

আমি ধারণা করছি, আমি বাসা থেকে বের হওয়ার পর দিহান মেয়েটির সঙ্গে যোগাযোগ করলে মেয়েটি আমার বাসায় আসে। দিহানের সঙ্গে বিশ্বস্ততার সম্পর্ক ছিল বিধায় মেয়েটি আমার বাসায় এসেছিল। আমি

মনে করি, ধর্ষণ বা হত্যার উদ্দেশ্যে দিহান মেয়েটিকে বাসায় ডাকেনি। একজন আরেকজনকে ভালোবাসে। সেই হিসেবে একান্তভাবে সময় কাটানোর জন্যই হয়তো ডেকেছিল। উভয়ের বয়স কম।

একজন নাবালিকা এবং আমার ছেলেরও বয়স ১৮ বছর ৭ মাস অর্থাৎ কিশোর। আবেগের বশে উভয়েই শারীরিক সম্পর্কে জড়িয়েছিল এবং অপরিপক্বতার পরিচয় দিয়েছে। পরবর্তীতে যা হয়েছে তা নিতান্তই দুর্ঘটনা মনে হচ্ছে। আমার ছেলে ধর্ষক বা হত্যাকারী হলে সে নিজেকে বাঁচানোর চেষ্টা করত কিন্তু সে তা করেনি। সে নিজে গাড়ি করে মেয়েটিকে হাসপাতালে নিয়ে গেছে। মেয়েটির মাকে ফোন করেছে, পুলিশের কাছে ঘটনা স্বীকার করেছে। আমার ছেলে যদি মেয়েটির সঙ্গে অন্যায় করে তাহলে একজন নারী হিসেবে আমিও আমার ছেলের যথাযথ বিচার হোক সেটা চাই।

কিন্তু মেয়েটির ইচ্ছায় শারীরিক সম্পর্ক হয়েছিল কিনা এবং একমাত্র শারীরিক সম্পর্কের কারণেই রক্তক্ষরণ ও মৃত্যু হয়েছে কিনা তা খতিয়ে দেখতে পুলিশ প্রশাসনের ওপর আমি বিশ্বাস রাখতে চাই এবং বিচার বিভাগের ওপর আস্থা রাখতে চাই। বিচারের আগে আমার ছেলেকে ধর্ষক বা হত্যাকারী হিসেবে চিহ্নিত না করার জন্য সমাজের সবার প্রতি অনুরোধ জানাচ্ছি।

আরও ৬ মাস পাওয়া যাবে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী আমদানিতে শুল্কমুক্ত সুবিধা

করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্যানিটাইজার তৈরির প্রধান কাঁচামাল, মাস্কসহ স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী আমদানির ক্ষেত্রে শুল্কমুক্ত সুবিধা আরও ৬ মাস পাওয়া যাবে।

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক গত বৃহস্পতিবার প্রকাশিত এক গেজেটে এই নির্দেশনা দেয়া হয়েছে।

গেজেটে জানানো হয়েছে, আগামী ৩০ জুন পর্যন্ত মাস্ক, স্যানিটাইজার, কোভিড-১৯ এর সংক্রমণ প্রতিরোধে স্যানিটাইজার উৎপাদনের প্রধান কাঁচামালসহ এন-৯৫ ও কেএন-৯৫ মাস্ক, ফেস শিল্ড, কোভিড টেস্টের কিটসহ দেশে মাস্ক ও পারসোনাল প্রোটেকটিভ ইক্যুইপমেন্ট উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল আমদানিতে শুল্কমুক্ত সুবিধায় বিনাশুল্কে আমদানি করা যাবে।

এ সময় পর্যন্ত এসব পণ্য আমদানিতে আমদানি শুল্ক, নিয়ন্ত্রণমূলক শুল্ক, সম্পূরক শুল্ক, মূল্য সংযোজন কর বা মূসক, আগাম কর ও অগ্রিম আয়কর থেকে অব্যাহতি সুবিধা বহাল থাকবে।

এর আগে দেশে করোনা সংক্রমণ ছড়িয়ে পড়ার প্রেক্ষাপটে স্থানীয় চাহিদা মেটানো ও বিদেশে রপ্তানি সুবিধার কথা বিবেচনা করে গত বছরের ৫ অক্টোবর সংস্থাটির জারি করা প্রজ্ঞাপনে গত ৩১ ডিসেম্বর পর্যন্ত এসব পণ্য আমদানিতে শুল্কমুক্ত সুবিধা দেয়া হয়েছিল।

৫০ বছরে সবচেয়ে বেশি তুষারপাতে বিপর্যস্ত স্পেন

গত ৫০ বছরের মধ্যে সবচেয়ে বেশি তুষারপাতে বিপর্যস্ত স্পেন। তুষার ঝড় ফিলোমেনার কবলে পড়ে তুষারে ঢেকে গেছে দেশটির অর্ধেকের বেশি অংশ। মাদ্রিদের তাপমাত্রা মাইনাস ১৪ ডিগ্রিতে নামার আশঙ্কা প্রকাশ করেছে দেশটির আবহাওয়া অফিস। খবর আল জাজিরা’র।

মাদ্রিদে তুষার-ঝড় ফিলোমেনার কারণে গত ৫০ বছরের মধ্যে সবচেয়ে বেশি তুষারপাত হয়েছে। স্পেনের প্রায় ২০ হাজার কিলোমিটার সড়ক এখন বরফের পুরু আস্তরের নিচে। কোনো কোনো জায়গায় ৪০ সেন্টিমিটার পর্যন্ত বরফ জমেছে। রাস্তাঘাটে আটকা পড়েছে যানবাহন, যেখানে খাবার ও পানি ছাড়া প্রায় ১২ ঘণ্টা ধরে আটকে রয়েছে অনেকে।

এখন পর্যন্ত প্রায় ৫শ’ সড়কে আটকে পড়া দেড় হাজারের বেশি মানুষকে উদ্ধার করেছে দেশটির সেনাবাহিনী। বন্ধ ঘোষণা করা হয়েছে মাদ্রিদ বিমানবন্দর।

এদিকে ব্যাপক তুষারপাতে সড়ক ও ট্রেন বন্ধ থাকায় ঘণ্টার পর ঘণ্টা পায়ে হেঁটে কর্মস্থলে যেতে হচ্ছে দেশটির নাগরিকদের। পাশাপাশি ব্যাহত হচ্ছে চলমান মহামারী করোনা ভাইরাসের ভ্যাকসিন সরবরাহের কাজও।

এ সপ্তাহেই মাদ্রিদের তাপমাত্রা মাইনাস ১৪ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত কমতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া বিভাগ। এছাড়া আগামী ২৪ ঘণ্টায় টানা তুষারপাতের কারণে পরিস্থিতি আরও খারাপ হওয়ার আশঙ্কা করা হচ্ছে। দেশটির অন্তত দশটি প্রদেশে এরই মধ্যে জারি করা হয়েছে সর্বোচ্চ সতর্কতা।

মেহেরপুরের বলিয়ারপুরে চেয়ারম্যান প্রার্থীর আলোচনা সভা

মেহেরপুর সদরের বলিয়ারপুরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে মেহেরপুর উপজেলার পিরোজপুর ইউনিয়নের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার রাতে মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর বাজারে এ সভা অনুষ্ঠিত হয়।

পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আজিবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুস সালাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউপি সদস্য ওহিদুর রহমান ডাবলু।

বক্তব্য রাখেন সিরাজুল ইসলাম, মিরাজ সর্দার, তৌহিদুল ইসলাম, মুছাদ আলী, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক প্রতিক প্রমুখ।

শৈলকূপা পৌর নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীর পক্ষে উপজেলা জাসদের সমর্থন প্রদান

আগামী ১৬জানুয়ারী পৌরসভার দ্বিতীয় ধাপের নির্বাচনে ঝিনাইদহের শৈলকূপা পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। সেই নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী আশরাফুল আজিম আজমের পক্ষে নির্বাচন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে শৈলকূপা উপজেলা জাসদ।

গত শনিবার শৈলকুপা উপজেলা জাসদ ও পৌর জাসদের যৌথ সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানা যায়। লিখিত বক্তব্যে, শৈলকূপা পৌর সভায় জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের কোন প্রার্থী না থাকায় আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী আশরাফুল আজিম আজমকে ১৪দলীয় জোটের প্রার্থী হিসেবে পৌরসভার অন্তর্ভুক্ত জাসদের সকল নেতা কর্মীকে নৌকা প্রতীকের পক্ষে কাজ করার জন্য নির্দেশনার পাশাপাশি অনুরোধ জানিয়েছেন।

দর্শনা প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত, নতুন কমিটি গঠন

চুয়াডাঙ্গা জেলার প্রাণ কেন্দ্র দর্শনা প্রেস ক্লাবের সকল সদস্যর উপস্থিতিতে সাধারণ সভায় সাংবাদিকদের মিলন মেলায় পরিণত হয়েছে। নিজেদের মধ্যে সকল মনমালিন্য ভুলে সর্বসম্মতিক্রমে দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির কমিটি ঘোষণা করা হয়।

দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু ও সাধারণ সম্পাদক

হারুন রাজু এবং সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন ও সাধারণ সম্পাদক এসএম ওসমানকে মনোনীত করে ১১ সদস্য করে দুটি কমিটি ঘোষণা করা হয়েছে।

গত শনিবার বেলা ১১ টার দিকে প্রেস ক্লাব ভবনে অনুষ্ঠিত সাধারণ সভার সভাপতিত্ব করেন, ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু। বার্ষিক আয়-ব্যয়ের হিসাব তুলে ধরেন সাধারণ সম্পাদক আওয়াল হোসেন। সাবেক সভাপতি হানিফ মন্ডলের প্রাণবন্ত উপস্থাপনায় সর্বসম্মতিক্রমে গঠিত কমিটির নাম ঘোষণা করেন সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল।

ঘোষিত প্রেস ক্লাবের কমিটিতে সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহ-সম্পাদক নজরুল ইসলাম, সাংগনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, তথ্য প্রযুক্তি সম্পাদক মেহেদী হাসান তুহিন, সাহিত্য, সাংষ্কৃতি ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সম্পাদক ইয়াছির আরাফাত মিলন, আহসান হাবীব মামুন ও ইকরামুল হক পিপুলের নাম ঘোষণা করা হয়েছে।

সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক তারিক জামান, সাহিত্য, সাংস্কৃতি ও ক্রিড়া সম্পাদক আজিম উদ্দিন আহমেদ, দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য এফএ আলমগীর, চঞ্চল মেহমুদ ও হানিফ মন্ডল। উপস্থিত ছিলেন, সাংবাদিক জিল্লুর রহমান মধু।

প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নবগঠিত কমিটির সকলকে অভিনন্দন জানিয়েছেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য ও দর্শনা প্রেস ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক হাজী মোঃ আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র ও প্রেস ক্লাবের উপদেষ্টা মতিয়ার রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহব্বুর রহমান কাজল, ইন্সপেক্টর (তদন্ত) শেখ মাহবুবুর রহমান, কেরুজ চিনিকলের এডিএম শেখ শাহাব উদ্দীন ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি নুরুন নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, হিজলগাড়ি প্রেস ক্লাবের সভাপতি আরিফ হাসান, সাধারণ সম্পাদক সেলিম উদ্দিন।

[redacted] [redacted] [redacted]

গাংনীতে ভোট প্রার্থনা করে ছাত্রলীগের লিফলেট বিতরণ

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে ভোট প্রার্থনা করে লিফলেট বিতরণ করেছে ছাত্রলীগ নেতা কর্মীরা।

সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড তুলে ধরে গতকাল রবিবার বিকালে গাংনী বাজারের বিভিন্ন দোকান ও বাড়ি বাড়ি গিয়ে নৌকা প্রতীকে ভোট প্রার্থনা করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের নেতৃত্বে ছাত্রলীগ নেতা কর্মীরা।

এ সময় মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাজাহান আলী, সহ-সভাপতি সোহান, যুগ্ম সম্পাদক রবিন, সাংগঠনিক সম্পাদক আশিকুর রহমান সাগর, ছাত্রলীগ নেতা রাকিবুল ইসলাম টুটুল, হিরোক ও মুন্নাসহ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় মাদক বিক্রয় ও সেবনের দায়ে জেল-জরিমানা

আলমডাঙ্গার গোকুলখালি ক্যাম্প পুলিশ অভিযান চালিয়ে ১জন মাদক বিক্রেতা ২জন সেবিকে আটক করেছে।

গতকাল রবিবার গোকুলখালি ক্যাম্প পুলিশ আটকৃত ৩ জনের শরীর তল্লাশী করে ১ জনের নিকট ১০ গ্রাম গাঁজা ও ২ জনের নিকট গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্বার করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের গোকুলখালি গ্রামে ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় তাদের শরীর তল্লাশী করে ১ জনের নিকট ১০ গ্রাম গাঁজা ও ২ জনের কাছে গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্ধার করে। পরে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসারের নিকট জানায়। উপজেলা নির্বাহি অফিসার লিটন আলি ঘটনাস্থলে উপস্থিত হয়।

নির্বাহী অফিসার লিটন আলি ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে আলমডাঙ্গা উপজেলার ভালাইপুর গ্রামের সিদ্দিকুর রহমানের ছেলে ওহিদুল ইসলাম
(৩২) কে গাঁজা বিক্রয়ের দায়ে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে।

এছাড়া, কুলপালা গ্রামের লিটন মল্লিকের ছেলে লিমন আলী (১৯)কে ৭ হাজার টাকা ওকুলপালা গ্রামের খলিলুর রহমানের ছেলে তামিম (২৩) কে ১২ হাজার টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় গোকুলখালি ফাঁড়ি পুলিশের ইনচার্জ কামরুল ইসলাম সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দুই জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও দুই জন করোনায় আক্রান্ত হয়েছেন। তারা সকলেই সদরে বাসিন্দা।

আজ রবিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৪ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে দুই জনের। আর নেগেটিভ আসে ১২ জনের।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৫৩৮৫ টি, সর্বমোট পজিটিভ ৭৫১ জন, সুস্থ ৬৭০ জন, মৃত্যু ১৭ জন ও ট্রান্সফার্ড ৬০ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ০৮ টি (সদরে ০২ গাংনীতে ০৩ মুজিবনগরে ০৩)।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুর স্টেডিয়াম পাড়ার শিতল মন্ডল (৬৮), হিতিমপাড়ার শাহাবুদ্দিন (৬০)।